আজকের কাগজ

তারিখ 28 APR 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

249

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে চরম উত্তেজনা ছাত্রলীগ (না–শ)-এর কার্যক্রম বন্ধ ঘোষণা

**কাগজ প্রতিবেদক :** গতকাল সোমবার রাত ৮টার দিকে ছাত্রলীগ (না–শ)–এর দু'গ্রুপের মধ্যে আবারো বন্দুক যুদ্ধ হয়েছে। আধাঘন্টাব্যাপী এ যুদ্ধে উভয় পক্ষের মধ্যে অর্ধশত রাউন্ড গুলি বিনিময় হয়েছে। এক দল সূর্যসেন হল ও প্রশাসনিক ভবন এবং অন্য দল মুহসীন হল থেকে পরস্পরকে লক্ষ্য করে গুলিবর্ষণ করে। এতে কেউ হতাহত হয়নি। পুলিশ সূর্যসেন হল ও মুহসীন হল গেটে অবস্থান নিতে এগিয়ে আসলে সংঘর্ষকারীরা রণে ভঙ্গ দেয়। হল তল্লাশি হতে পারে এই আশংকায় সশস্ত্র তরুণদের ক্যাম্পাস ছেড়ে চলে যেতে দেখা গেছে। ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে।

এদিকে গত কয়েক দিন ধরে জাসদ (ইনু) সমর্থিত ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ (না–শ)–এর দু'গ্রুপের সশস্ত্র তৎপরতার কারণে ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কার্যক্রম স্থগিত ঘোষণা করা হয়েছে।

ছাত্রলীগ সভাপতি নাজমুল হক প্রধান–এর স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে ক্যাম্পাসে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কার্যক্রম স্থগিত ঘোষণা করে বলা হয়, ছাত্রলীগের গৌরবময় সংগ্রামী ভাবমূর্তি ম্লান করে দেয়ার জন্যে বিভিন্ন মহল ষড়যন্ত্র করছে। ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদ ষড়যন্ত্রকারীদের উস্কানি ও চক্রান্তের ফাঁদে পা না দেয়ার জন্যে সংগঠনের কর্মীদের প্রতি আহ্বান জানানো হয়।

বিবৃতিতে রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংগঠনের অভ্যন্তরের কতিপয় কর্মীর দ্বারা সৃষ্ট অনভিপ্রেত ঘটনার জন্যে দুঃখ প্রকাশ করা হয় এবং এর সঙ্গে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর সাংগঠনিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে উল্লেখ করা হয়।

বন